

## Times Today BD

তৌহিদুল ইসলাম | চট্টগ্রাম | 22 April, 2025

কক্সবাজারের উখিয়ায় যাত্রীবাহী অটোরিকশা ও মোটর সাইকেল মুখোমুখি সংঘর্ষে এক সাবেক ইউপি সদস্য নিহত হয়েছে; এতে আহত হয়েছে তিনজন।

মঙ্গলবার বিকাল সাড়ে ৩ টার দিকে শহীদ এটিএম জাফর আলম আরাকান সড়কের ( কক্সবাজার-টেকনাফ সড়ক ) উখিয়া উপজেলার রাজাপালং ইউনিয়নের কাশিয়ারবিল এলাকায় এ ঘটনা ঘটে বলে জানান, উখিয়া থানার ওসি মুহাম্মদ আরিফ হোছাইন।

নিহত মোহাম্মদ মহিউদ্দিন ওরফে মহিউদ্দিন মুন্সি ( ৬০ ) উখিয়ার রাজাপালং ইউনিয়নের উত্তর পুকুরিয়া এলাকার মৃত মকবুল আহমেদ এর ছেলে। তিনি রাজাপালং ইউপির ২ নম্বর ওয়ার্ডের সাবেক ইউপি সদস্য।

তবে আহতদের নাম ও পরিচয় তাৎক্ষণিক জানাতে পারেননি ওসি।

স্থানীয়দের বরাতে আরিফ হোছাইন বলেন, বিকালে উখিয়া স্টেশন থেকে সাবেক ইউপি সদস্য মোহাম্মদ মহিউদ্দিন মোটর সাইকেল যোগে বাড়ী ফিরছিলেন। তিনি পশ্চিমধ্যে কাশিয়ারবিল এলাকায় পৌঁছলে বিপরীত দিক থেকে আসা একটি অটোরিকশার সাথে মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটে। এতে দুর্ঘটনা কবলিত গাড়ী দুইটি দুমড়ে মুচড়ে গিয়ে ৪ জন আহত হয়।

পরে স্থানীয়রা আহতদের উদ্ধার উখিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নিয়ে আসে। এসময় কর্তব্যরত চিকিৎসক একজনকে মৃত ঘোষণা করেন। দুর্ঘটনা কবলিত গাড়ী দুইটি হাইওয়ে পুলিশ জব্দ করেছে।

নিহতের লাশ উথিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রয়েছে বলে জানান তিনি।

সংঘর্ষ নিহত সড়ক দুর্ঘটনা পুলিশ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:27

URL: <https://www.timestodaybd.com/chittagong/1263775807>